

- ০১ -
ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৯

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৪.৯৯.০৬৭.২৩ নথির বিষয়: Sand filling and repairing of leakage at delivery line of Gawair Madrasa water pump compound under MODS Zone-9, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Sand filling and repairing of leakage at delivery line of Gawair Madrasa water pump compound under MODS Zone-9, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৬/৮/২৩ ৫:২৭ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৯ এর আওতাধীন গাওয়াইর মাদ্রাসা পানির পাম্প কম্পাউন্ডে দুইটি গভীর নলকূপ রয়েছে। উক্ত পাম্পের উৎপাদিত পানি গাওয়াইর মাদ্রাসা রোড, গাওয়াইর বাজার, পেয়ারা বাগান, কাজী বাড়ী রোড, হাজী পাড়া, চালাবন প্রাইমারী স্কুল রোড ও তৎসংলগ্ন বৃহৎ এলাকায় পানি সরবরাহ করা হয়ে থাকে। পাম্প পরিদর্শনের সময় দেখা যায় যে, পানির পাম্প কম্পাউন্ডটি মেইন রোড থেকে নিচুতে অবস্থিত হওয়ার ফলে উক্ত পাম্প কম্পাউন্ডে বৃষ্টির পানি জমে আছে। সম্ভ্রুতি সময়ে সারা বাংলাদেশে ডেংগু বাহী মশার প্রাদুর্ভাব অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। এছাড়াও, পুরাতন কূপটির ডেলিভারী লাইনের এম এস বেভ পাইপ ক্ষতিগ্রস্ত হয়ে প্রচুর পানি অপচয় হচ্ছে। এছাড়াও ডেলিভারী লাইনের সাপোর্ট পিলার ভেঙ্গে গেছে। জরুরি ভিত্তিতে উক্ত পাম্প কম্পাউন্ডে বালি ভরাট, ডেলিভারী লাইনের এম এস পাইপ ও সাপোর্ট পিলার মেরামত করা প্রয়োজন। উক্ত সমস্যাসমূহ জরুরি ভিত্তিতে সম্পন্ন করার লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে= ৪৯,২১৬.৩৪ (উনপঞ্চাশ হাজার দুইশত ষোল দশমিক তিন চার) টাকা মাত্র। উক্ত প্রাক্কলনে মালমালের দর ঢাকা ওয়াসা, পিডব্লিউডি-২২ রেইট সিডিউল ও বর্তমান বাজার দর অনুযায়ী ধরা হয়েছে। প্রাক্কলনটি অনুমোদিত হলে উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের অনুকূলে বরাদ্দকৃত ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার 'পানির পাম্প রক্ষণাবেক্ষণ' খাতের F30 হতে নির্বাহ করা হবে।




সংযুক্তিসমূহ (২):

১। APP.

২। Estimate.



অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৬/৮/২৩ ৫:২৯ অপরাহ্ন

এমতাবস্থায়, Sand filling and repairing of leakage at delivery line of Gawair Madrasa water pump compound under MODS Zone-9, Dhaka WASA কাজটি সম্পন্ন করার লক্ষ্যে উপস্থাপিত = ৪৯,২১৬.৩৪ (উনপঞ্চাশ হাজার দুইশত ষোল দশমিক তিন চার) টাকার প্রাক্কলনটি পি. পি. আর-২০০৮ এর বিধি ৭৬/১(ট) মোতাবেক ঠিকাদার "এফ এ এন্টারপ্রাইজ" এর সহিত সরাসরি ক্রয় চুক্তির মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেওয়া যেতে পারে।

 ৬/৮/২৩ ৬:৩৬ অপরাহ্ন মোঃ মনিরুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৯	 ৬/৮/২৩ ৯:০০ অপরাহ্ন মোঃ দেলোয়ার হোসেন সহকারী প্রকৌশলী মডস জোন-৯	 ৭/৮/২৩ ১২:০৮ অপরাহ্ন মোঃ মোজাহিদুর রহমান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৯	 ৭/৮/২৩ ১:৩৩ অপরাহ্ন মোঃ মিজানুর রহমান তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-২
 ৭/৮/২৩ ১:৩৩ অপরাহ্ন মোঃ কামরুল হোসেন প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)			

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৮/২৩ ৭:২২ অপরাহ্ন

অনুমোদিত

 ৭/৮/২৩ ৭:২২ অপরাহ্ন মোঃ কামরুল হোসেন প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ৭/৮/২৩ ৮:২৪ অপরাহ্ন মোঃ মোজাহিদুর রহমান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৯	 ৭/৮/২৩ ৮:২৪ অপরাহ্ন মোঃ মনিরুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৯
---	---	--

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা